

সার্বিক সহযোগিতা পেলে টেনিস অনেক সম্ভাবনা নিয়ে এগিয়ে যাবে

-নৌপ্রতিমন্ত্রী এবং টেনিস ফেডারেশনের সভাপতি

ঢাকা, ৮ জানুয়ারী ২০২৩;

‘আইটিএফ এশিয়া অনূর্ধ্ব-১৪ ডেভেলপমেন্ট চ্যাম্পিয়নশীপস’ টেনিস প্রতিযোগিতা আজ ঢাকায় শেখ জামাল জাতীয় টেনিস কমপ্লেক্সে উদ্বোধন করা হয়েছে।

নৌপরিবহন প্রতিমন্ত্রী এবং বাংলাদেশ টেনিস ফেডারেশনের সভাপতি খালিদ মাহমুদ চৌধুরী এমপি প্রতিযোগিতার উদ্বোধন করেন।

প্রতিমন্ত্রী বলেন, আমরা খেলোয়াড় তৈরি করতে চাই। একজন খেলোয়াড় দেশকে আন্তর্জাতিক অঙ্গনে পরিচয় করিয়ে দেয়। ভাল খেলোয়াড়ের অনুসন্ধান আছে; সে লক্ষ্যে কাজ করছি। সার্বিক সহযোগিতা পেলে টেনিস অনেক সম্ভাবনা নিয়ে এগিয়ে যাবে। টেনিস ফেডারেশনে টেনিস অনুরাগী আছেন; ফেডারেশন ছাড়াও অনেক অনুরাগী আছেন; সকলকে নিয়ে টেনিস এগিয়ে যেতে পারবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সমন্বিত পরিকল্পনা করে দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন। তিনি আলোর দিশারী হিসেবে কাজ করছেন। টেনিসসহ সকল খেলা তাঁর নেতৃত্বে সামনের দিকে এগিয়ে যাচ্ছে। টেনিসকে এগিয়ে নিতে গণমাধ্যম অনেক কিছু করতে পারে। যেমনটি ক্রিকেটের ক্ষেত্রে হয়েছে। একজন খেলোয়াড়কে ঘিরে অনেকে উৎসাহিত হয়ে এগিয়ে আসে; তেমনি টেনিসকে তুলে ধরলে অনেক খেলোয়াড় উৎসাহিত হয়ে এগিয়ে আসবে।

প্রতিযোগিতায় স্বাগতিক বাংলাদেশসহ ভুটান, চাইনিজ তাইপে, কম্বোডিয়া, লাও, মায়ানমার, মঙ্গোলিয়া, নেপাল, মালদ্বীপ ও পাকিস্তান মোট ১০টি দলের ২০ জন বালক ও ১৪ জন বালিকা অংশগ্রহণ করছে। আন্তর্জাতিক টেনিস ফেডারেশনের (আইটিএফ) অনুমোদনক্রমে ও বাংলাদেশ টেনিস ফেডারেশনের ব্যবস্থাপনায় এ প্রতিযোগিতা ৯ জানুয়ারি শুরু হয়ে চলবে ১৯ জানুয়ারী পর্যন্ত।

ডেভেলপমেন্ট চ্যাম্পিয়নশীপসে দু’টি প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রথম প্রতিযোগিতা ০৯-১৩ জানুয়ারী পর্যন্ত এবং দ্বিতীয় প্রতিযোগিতা ১৫-১৯ জানুয়ারী পর্যন্ত শেখ জামাল জাতীয় টেনিস কমপ্লেক্সে অনুষ্ঠিত হবে। দু’টি প্রতিযোগিতার মোট ফলাফলের উপর ভিত্তি করে ১০টি দেশ থেকে চারটি দেশ ২০২৪ সালের জন্য রিজিওনাল ইভেন্ট হতে ফাইনাল রাউন্ডে উন্নীত হবে। এছাড়াও ব্যক্তিগত ফলাফলের উপর ভিত্তি করে একটি দেশ হতে সর্বাধিক দু’জন খেলোয়াড় আইটিএফ দলের অন্তর্ভুক্ত হয়ে এবছর (২০২৩ সালে) ফাইনাল রাউন্ডে খেলার সুযোগ পাবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইস্ট কোস্ট গ্রুপের চেয়ারম্যান আজম জে. চৌধুরী। বাংলাদেশ টেনিস ফেডারেশনের সহ-সভাপতি মো. মোতাহার হোসেন সাজু, মো.সেলিম, নেয়াজ আহমেদ, টুর্নামেন্ট ডিরেক্টর ও সাধারণ সম্পাদক আবু সাঈদ মোহাম্মদ হায়দার এবং আইটিএফ’র প্রতিনিধি জোনাথন স্টাবস উপস্থিত ছিলেন।

মো. জাহাঙ্গীর আলম খান

সিনিয়র তথ্য অফিসার

নৌপরিবহন মন্ত্রণালয়

০১৭১১-৪২৫৩৬৪